



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



# তথ্য অধিদফতর

PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর : ৩৪৬১

## মোবাইল ফোন থেকেও আয়কর রিটার্ন দেওয়া যাবে

ঢাকা, ১২ শ্রাবণ (২৭ জুলাই) :

করদাতাদের জন্য অনলাইনে নতুন আয়কর রিটার্ন ব্যবস্থা চালু করতে যাচ্ছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)। আগামী ১ সেপ্টেম্বর থেকে নতুন ব্যবস্থা উন্মুক্ত করে দেওয়া হবে। করদাতারা এনবিআর-এর ওয়েবসাইট কিংবা মোবাইল ফোন সেট ব্যবহার করে অনলাইনে চলাতি ২০২০-২০২১ সালের আয়কর রিটার্ন দাখিল করতে পারবেন।

ইতোমধ্যে এনবিআরের আয়কর শাখা পরীক্ষামূলকভাবে করদাতাদের প্রতিযোগ্যতা এবং ইন্টারনেট বিষয়ক একটি পরীক্ষা চালিয়ে এর সফলতা পেয়েছে।

এনবিআর কর্মকর্তারা নতুন এ সিস্টেমটি তৈরি করেছেন, যা অনেকটা স্বাধীন প্রক্রিয়া পদ্ধতিতে চলবে।

এনবিআর সূত্রে জানা যায়, নতুন সিস্টেমের মাধ্যমে করদাতারা যেকোনও সময় আয়কর সার্টিফিকেট, রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বীকার ও টিআইএন সার্টিফিকেট সংগ্রহ করতে পারবেন। এ জন্য বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ করিশনে নিবন্ধিত তাদের মোবাইল ফোন ব্যবহার করে ওয়েবসাইটে গিয়ে করদাতাদের নিবন্ধিত করতে হবে। অনলাইন সিস্টেমটি বিটিআরসির বারোবেট্রিক ডাটাবেস ব্যবহার করে করদাতাদের সত্যতা যাচাই করে দেবে এবং ব্যবহারকারীর নাম ও পাসওয়ার্ড সরবরাহ করবে।

#

পরামর্শ/জসীম/আসমা/২০২১/১২০০ ঘাটা

